

# ডাসারে কলেজ শিক্ষার্থীদের ওপর হামলা ॥ অধ্যক্ষের অপসারণের দাবী

নিজস্ব সংবাদদাতা, কালকিনি, মাদারীপুর

প্রকাশিত: ১৯:৩৭, ১১ নভেম্বর ২০২৪



মাদারীপুরের ডাসার উপজেলার শশিকর শহীদ স্মৃতি কলেজের শিক্ষার্থীদের ওপর হামলা চালিয়েছে বলে অভিযোগ পাওয়া গেছে স্থানীয় শিক্ষার্থী ও বহিরাগতদের বিরুদ্ধে। এতে করে কমপক্ষে ৭ জন শিক্ষার্থী আহত হয়েছে। আহতদের উদ্ধার করে কালকিনি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে। এই ঘটনায় থানায় একটি মামলা দায়ের করেছে ভুক্তভোগী পরিবার। তবে এ হামলার ঘটনায় ওই কলেজের অধ্যক্ষসহ হোস্টেলের দায়িত্বে থাকা শিক্ষকদের রহস্যজনক ভূমিকা থাকায় তাদের অপসারণের দাবীতে বিক্ষোভ মিছিল করেছে শিক্ষার্থী ও স্থানীয় সচেতন মহল। আজ সোমবার সকালে এ ঘটনা ঘটে। এদিকে এ হামলার ঘটনায় শিক্ষার্থীদের মাঝে এখন চরম আতঙ্ক বিরাজ করছে। অপরদিকে শিক্ষার্থীদের ওপর পুনরায় হামলার ভয়ে নিরাপত্তাহীনতায় অনেক শিক্ষার্থী কলেজ ছেড়ে বাড়ি চলে এসেছে। শিক্ষার্থী ও থানা পুলিশ সূত্রে জানা গেছে, উপজেলার শশিকর শহীদ স্মৃতি কলেজের বেশ কয়েকজন শিক্ষার্থী মিলে ওই কলেজে আযান দেয়ার জন্য একটি মাইক এনে ফিট করার জন্য প্রস্তুতি নেন। পরে এ ঘটনাকে কেন্দ্র করে স্থানীয় শিক্ষার্থী পর০ব, সৈকত, লিখন, বহিরাগত মিঠুন ও সম্রাটসহ প্রায় ৩০/৩৫ জন মিলে দেশীয় অস্ত্রে সজ্জিত হয়ে রাতে কলেজ হোস্টেলে থাকা শিক্ষার্থীদের উপর হামলা চালায়। এতে আহত হন আলভী রহমান, আফজাল, হাসিবুর ও নাহিদসহ কমপক্ষে ৭ জন শিক্ষার্থী। আহতদের উদ্ধার করে কালকিনি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে। এই ঘটনায় আহত শিক্ষার্থী আলভীর বাবা মো. মজিবুর রহমান

বাদি হয়ে ১০ জনের নামে থানায় একটি মামলা দায়ের করেছেন। তবে এ হামলার ঘটনায় ওই কলেজের অধ্যক্ষ দূর্লভানন্দ বাইড়ে ও হোস্টেলের দায়িত্বে থাকা শিক্ষক বিমল পন্ডে ও শিক্ষক লিটন দত্তর রহস্যজনক ভূমিকা থাকায় তাদের অপসারণের দাবীতে বিক্ষোভ মিছিল করেছে শিক্ষার্থী ও স্থানীয় সচেতন মহল। এদিকে এ হামলার ঘটনায় শিক্ষার্থীদের মাঝে এখন চরম আতঙ্ক বিরাজ করছে। অপরদিকে শিক্ষার্থীদের ওপর পুনরায় হামলার ভয়ে নিরাপত্তাহীনতায় অনেক শিক্ষার্থী কলেজ ছেড়ে বাড়ি চলে এসেছে।

শিক্ষার্থী আলভী রহমান, আফজাল, হাসিবুর ও নাহিদসহ বেশ কয়েকজন শিক্ষার্থী কান্না জরিত কণ্ঠে বলেন, কলেজের অধ্যক্ষ দূর্লভানন্দ বাইড়ে ও হোস্টেলের দায়িত্বে থাকা শিক্ষক বিমল পন্ডে ও শিক্ষক লিটন দত্তর রহস্যজনক ভূমিকা থাকায় আমাদের ওপর হামলা চালিয়েছে স্থানীয় শিক্ষার্থী পরভব, সৈকত, লিখন, বহিরাগত মিঠুন ও সম্রাটসহ প্রায় ৩০/৩৫ জন। পুনরায় হামলার ভয়ে নিরাপত্তাহীনতায় আমরাসহ অনেক শিক্ষার্থী এখন কলেজ ছেড়ে বাড়ি চলে এসেছি। শিক্ষার্থী অভিভাবক ও স্থানীয় বেশ কয়েকজন সচেতন ব্যক্তি ক্ষোভের সঙ্গে বলেন, হামলার ঘটনায় কলেজের অধ্যক্ষ দূর্লভানন্দ বাইড়ে ও হোস্টেলের দায়িত্বে থাকা শিক্ষক বিমল পন্ডে ও শিক্ষক লিটন দত্তর রহস্যজনক ভূমিকা থাকায় তাদের অপসারণের দাবীতে যানাই। অধ্যক্ষ দূর্লভানন্দ বাইড়ে বলেন, শিক্ষার্থীদের ওপর হামলার ঘটনায় আমিও অভিযুক্তদের বিরুদ্ধে মামলা করবো। এবং হামলার ঘটনায় কোন শিক্ষকের রহস্যজনক ভূমিকা থাকলে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে। তবে কোন শিক্ষার্থী স্বৈচ্ছায় কলেজ থেকে চলে যেতে চাইলে তাকে টিসি দিয়ে দেয়া হবে। এ ব্যাপারে ডাসার থানার ওমি মো. মাহামুদ উল হাসান বলেন, শিক্ষার্থীদের ওপর হামলার ঘটনায় থানায় একটি মামলা হয়েছে। আসামীদের গ্রেফতারের জোর চেষ্টা চলছে।